



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শেরপুর, বগুড়া  
সহকারী প্রোগ্রামার এর দপ্তর  
doict.sherpur.bogra.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০৪.১০৮৮.০০০.৩৩.০০১.২৩.০৮

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৮ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়:** শেখ রাসেল ডিজিটাল ল্যাভে নিরাপত্তা(Security) জোড়দারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক "শেখ রাসেল ডিজিটাল ল্যাভ" প্রকল্পের আওতায় শেরপুর উপজেলায় পনের(১৫) টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাভ স্থাপন করা হয়েছে। ল্যাভে প্রকল্প দপ্তর থেকে ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, মডেম, রাউটার, প্রোজেক্টর, স্মার্ট টিভি, ডেস্কটপ কম্পিউটার, প্রয়োজনীয় আসবাবপত্র, মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, শেখ রাসেলের ছবি এবং নেটওয়ার্কিং যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। পবিত্র রমজান মাস উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। কিন্তু ল্যাভের ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি ও আসবাবপত্র এবং গুরুত্বপূর্ণ ডকুমেন্ট ল্যাভ কক্ষে থাকবে। তার প্রেক্ষিতে ল্যাভ কক্ষে নিরাপত্তা জোড়দার করা প্রয়োজন। ল্যাভ কক্ষে যেহেতু ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি থাকবে সেজন্যে নিরাপত্তার পাশাপাশি ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি চার্জ করার ব্যবস্থা করতে হবে। দীর্ঘদিন ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি চার্জ দেওয়া না হলে ব্যাটারি ও মাদারবোর্ডে সমস্যা হতে পারে।

এমতাবস্থায়, পবিত্র রমজান মাসে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শেখ রাসেল ডিজিটাল ল্যাভের নিরাপত্তা(Security) জোড়দারকরণ এবং ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি (বিশেষ করে ল্যাপটপ) সপ্তাহে ন্যূনতম দুই(০২) দিন চার্জ(Charge) করার ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

*Abdus*

২৮-০৩-২০২৩

মোঃ আব্দুল কুদ্দুস

সহকারী প্রোগ্রামার

০১৮-২৭৫৯৭৮২৩

abdulkuddus.doict.gov.bd@gmail.com

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, শেখ রাসেল ডিজিটাল ল্যাভপ্রাপ্ত প্রতিষ্ঠান, শেরপুর, বগুড়া।

স্মারক নম্বর: ৫৬.০৪.১০৮৮.০০০.৩৩.০০১.২৩.০৮/১ (৫)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
২৮ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। প্রকল্প পরিচালক , প্রকল্প পরিচালকের দপ্তর , শেখ রাসেল ডিজিটাল ল্যাভ স্থাপন (২য় পর্যায়);
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শেরপুর, বগুড়া;
- ৩। প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শেরপুর, বগুড়া এবং
- ৫। অফিস কপি।



*Araddus*

২৮-০৩-২০২৩

মোঃ আব্দুল কুদ্দুস  
সহকারী প্রোগ্রামার